# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১১. যখন কোনো লোক তার হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মিলিত হয়

بَاب إِذَا أَتَى الرَّجُلُ امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ

## আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ عَنْ مَالِكِ بْنِ الْخَطَّابِ الْعَنْبَرِيِّ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ قَالَ سُئِلَ وَأَنَا أَسْمَعُ عَنْ الرَّجُلِ يَأْتِي امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ قَالَ يَسْتَغْفِرُ اللَّهَ

## বাংলা

১১৩৫. মালিক ইবনু খাত্তাব আল আম্বারী হতে বর্ণিত, ইবনু আবী মুলাইকা রাহি. বলেন, আমি শুনলাম, তাকে এমন এক ব্যক্তি সম্পর্কে জিজ্ঞাসা করা হলো যে তার স্ত্রীর হায়িযগ্রস্ত অবস্থায় তার সাথে মিলিত হয়। তিনি বললেন: সে আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করবে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: মালিক ইবনু খাত্তাব সম্পর্কে বুখারী, আল কাবীর ৭/৩০৯ এ উল্লেখ করেছেন এবং তার প্রশংসা বা সমালোচনা কোনোটাই উল্লেখ করেননি। আর আমি তার জীবনী অন্য কোথাও পাইনি। অন্যান্য রাবী গণ নির্ভরযোগ্য। তবে হাদীসটি শাহিদ থাকার কারণে সহীহ।

তাখরীজ: ((মুহাক্কিক্ব এর কোনো তাখরীজ দেননি।-অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81418

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন